

১৬তম প্রিপারেশন অফ রিপোর্টস অ্যান্ড রাইট আপস কোর্স সংবাদ



১৬তম প্রিপারেশন অফ রিপোর্টস অ্যান্ড রাইট আপস কোর্সে অংশগ্রহণকারী কর্মকর্তাগণের সাথে সমিতির সভাপতি জনাব এম জানিবুল হক।

বাংলাদেশ প্রশিক্ষণ ও উন্নয়ন সমিতি (বিএসটিডি) এর ব্যবস্থাপনায় “১৬তম প্রিপারেশন অফ রিপোর্টস অ্যান্ড রাইট-আপস” কোর্স বিএসটিডি’র সভা কক্ষে ১২-১৬ মে ২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়। ১৬ মে ২০২৪ তারিখ সন্ধ্যা ৭:৩০ টায় গ্রীন গার্ডেন রেস্টুরেন্ট, ৪/২ ড্যাফোডিল প্লাজা (৯ম তলা), সোবহানবাগ, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকায় কোর্সের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানটি উপস্থাপনায় ছিলেন এ কোর্সে অংশগ্রহণকারী ও বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক জনাব মুস্তাকিম আহমেদ রাহাত। পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। পবিত্র কুরআন তিলাওয়াত করেন বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ এর সহকারী পরিচালক জনাব সাবির আহমেদ। সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের মধ্যে সনদ বিতরণ করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব এম.এম. রেজা (সাবেক সিএসপি)।



প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের মধ্যে সনদ বিতরণ করছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সাবেক সচিব জনাব এম.এম. রেজা (সাবেক সিএসপি)।

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রশিক্ষণ উন্নয়ন সমিতির (বিএসটিডি) সম্মানিত প্রেসিডেন্ট জনাব এম জানিবুল হক (সাবেক সিএসপি)। এ কোর্সে বিভিন্ন সরকারি প্রতিষ্ঠান ও এনজিও থেকে মোট ১৬ জন কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রতিষ্ঠানগুলো হচ্ছে (১) বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি) (২) ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ ফর সোশাল এডভাসমেন্ট (দিশা) (৩) সোনালী ব্যাংক পিএলসি (৪) গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল) (৫) পূর্বালী ব্যাংক পিএলসি (৬) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) (৭) বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল (৮) বাংলাদেশ সেতু কর্তৃপক্ষ (৯) বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এবং (১০) বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা। কোর্স প্রতিবেদন ও মূল্যায়ন প্রতিবেদন উপস্থাপন করেন বিএসটিডির সহ-সভাপতি ও কোর্স পরিচালক জনাব মোঃ আনোয়ারুল ইসলাম সিকদার এনডিসি। কোর্সের প্রিওস্ট টেস্ট এর ফলাফল ঘোষণা করেন বাংলাদেশ প্রশিক্ষণ উন্নয়ন সমিতির (বিএসটিডি) সম্মানিত প্রেসিডেন্ট জনাব এম জানিবুল হক (সাবেক সিএসপি)। এ কোর্সে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থী জনাব রনজিদ দাস সিনিয়র অফিসার পূর্বালী ব্যাংক পিএলসি এবং বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমির (বার্ড) সহকারী পরিচালক জনাব মোহাম্মদ আবরাফুর রহমান ভূঁওঁ এ প্রশিক্ষণলদ্ধ জ্ঞান প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের কর্মক্ষেত্রে এবং পেশাগত মান উন্নয়নে সহায়ক হবে বলে তাঁরা অভিমত ব্যক্ত করেন। সমাপনী অনুষ্ঠানে বিএসটিডি’র সম্মানিত পর্ষদ সদস্য ও আমন্ত্রিত অতিথিবর্গ এবং স্পীকারগণ উপস্থিত ছিলেন। ধন্যবাদ জ্ঞাপন করেন বিএসটিডির নির্বাহী কর্মকর্তা ও কোর্স কোঅর্ডিনেটর জনাব মুহাম্মদ জিল্লুর রহমান।

নেশনাল মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।